দৈনিক ইত্তেফাক

তারিখ ... 14 JAN 1994 ...
পৃষ্ঠা ৩ কলাম ৭

124

# নওগাঁয় এস এস সি পরীক্ষার্থীদের নিকট হইতে অতিরিক্ত ফি আদায়ের অভিযোগ

নওগাঁ সংবাদদাতা ॥ জেলার ১১টি থানার আড়াই শতাধিক বেসরকারী উচ্চ বিদ্যালয় আসন্ন এস,এস,সি পরীক্ষার্থিগণের নিকট হইতে অতিরিক্ত পরীক্ষার ফিস আদায় করিতেছে বলিয়া অভিযোগ পাওয়া গিয়াছে। আরও জানা গিয়াছে যে রাজশাহী বোর্ড পরীক্ষার্থীদের প্রতি পেপারের জন্য ৩৫ টাকা, মার্কশীট ও সার্টি-

( ৪র্থ পৃ: দ্র: )

## নওগাঁয় এসএসসি

( ৩য় পৃ: পর )

ফিকেটের জন্যে ৩০ টাকা, বিজ্ঞানের জন্য ২০ টাকা, কেন্দ্র ফি ৮৫ টাকা, মানবিক ৭৫ টাকা, স্কাউট ১০ টাকা নির্ধারণ করিলেও বেসরকারী উচ্চ বিদ্যালয়গুলি মানবিক পরীক্ষার্থিগণের নিকট হইতে ১১৫০ টাকা হইতে ১২১৫ টাকা এবং বিজ্ঞান পরীক্ষার্থিগণের নিকট হইতে ১২ শত টাকা হইতে ১২ শত ৬৫ টাকা আদায় করিতেছেন। কোন কোন স্কুল আরও অধিক টাকা আদায় করিতেছে। নওগাঁ পি,এম বালিকা বিদ্যালয় মানবিক ১২ শত ১৫ টাকা বিজ্ঞানে ১২ শত ৬৫ টাকা. ইলসাবাড়ী উচ্চ বিদ্যালয় মানবিক ১১ শত ৫০ টাকা, বিজ্ঞানে ১২ শতটাকা হাট নওগাঁ মানবিকে ১২ শত, বিজ্ঞানে ১২৫৫ টাকা ফি বাবদ আদায় করিয়াছে। পক্ষান্তরে নওগাঁ সরকারী জেলা স্কুল মানবিকে ৬৯২ টাকা এবং বিজ্ঞানে ৭২২ টাকা আদায় করিয়াছেন। বেসরকারী এবং সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের এস, এস,সি, পরীক্ষার ফির ব্যাপক তারতম্য সম্পর্কে বেসরকারী স্কুলের শিক্ষকগণের মন্তব্য তাহারা পরীক্ষার্থিগণকে প্রাইভেট পড়াইবেন। ফলে অনেক গরীব ও দুঃস্থ অভিভাবকগণ ছাগল ও ঘরের জিনিসপত্র বিক্রয় করিয়া ছেলেমেয়েদের পরীক্ষার ফির ব্যবস্থা করিতে বাধ্য হইয়াছে।